# খুলনা ওয়াসার নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

**তারিখ ও সময়ঃ** ২৮ জুলাই ২০২১ ইং, সকাল ১১:৩০ মিনিট।
**সভার স্থানঃ** রুম নং ৩০১ (সভা কক্ষ), খুলনা ওয়াসা ভবন, খুলনা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা প্রদান করে এবং স্বাগত বক্তব্য জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

| আলোচনার বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সভাপতি উল্লেখ করেন যে, বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স অবলম্বনের নির্দেশনা প্রদান করেছেন। খুলনা ওয়াসা একটি সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে সেবা প্রদানের মান উন্নয়নের নিমিত্ত সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক হিসেবে সকল অংশীজন (stakeholders) কে সচেষ্ট হতে হবে। সেই লক্ষ্যে খুলনা ওয়াসার অংশীজনদের- ব্যাংকসমূহ, সম্মানীত গ্রাহকবৃন্দ, বিভিন্ন শ্রেণির ঠিকাদারি প্রতিষ্ঠান এবং আউটসোর্সিং প্রতিষ্ঠান (মিটার রিডিং গ্রহণ ও বিল বিতরণ কাজে নিযুক্ত) সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দ। |
| শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | সভায় বিগত অর্থ-বছরগুলোর ন্যায় চলতি অর্থ-বছরেও শুদ্ধাচার সংক্রান্ত বিষয় সমূহের উপর (যথা- চাকুরি বিধিমালা, নৈতিকতা, অংশীজনদের সাথে স্বভাব বজায় রাখা ইত্যাদি) প্রশিক্ষণ আয়োজন করতে হবে মর্মে বিস্তারিত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহিত হয়। খুলনা ওয়াসার বিভিন্ন কাজে নিযুক্ত ঠিকাদারদের নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ এবং যথানিয়মে দরপত্রে অংশগ্রহণের ক্ষেত্রে কাগজপত্র দাখিলের জন্য খুলনা ওয়াসার পক্ষ হতে সময়ে সময়ে বৈঠকের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দ। |
| কর্ম-পরিবেশ উন্নয়ন | সভাপতি উল্লেখ করেন যে, বর্তমানে সারা বিশ্ব কোভিড-১৯ মহামারিতে আক্রান্ত। এহেন পরিস্থিতিতে বিগত ২০২০-২১ অর্থ-বছরে মাঠ পর্যায়ে পানি সরবরাহ সংক্রান্ত কার্যক্রম যথানিয়মে চালু রাখার জন্য সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা/কর্মচারিদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। একই সাথে চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে যথাযথ সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক বর্তমান সরকারের স্বাস্থ্যবিভাগ কর্তৃক নির্ধারিত স্বাস্থ্যবিধিসমূহ যথানিয়মে প্রতিপালনের বিষয়ে কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়। খুলনা ওয়াসা ভবনে মাস্ক ব্যতীত প্রবেশ নিষেধ এর নির্দেশনা যথাযথ বাস্তবায়নে কার্যক্রম গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | সভাপতি সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, খুলনা ওয়াসার দাপ্তরিক কার্যক্রম বর্তমানে অঞ্চল ক,খ, গ ও ঘ এর মাধ্যমে পরিচালিত হচ্ছে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী আঞ্চলিক পর্যায়ে সম্পাদিত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে যথানিয়মে সম্পাদনপূর্বক উর্ধ্বতন কর্মকর্তার নিকট প্রতিবেদন দাখিলের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মকর্তা |
| ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | সভাপতি জানান, প্রতি বছরের ন্যায় চলতি অর্থ বছরেও খুলনা ওয়াসার বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন কার্যক্রম সম্পাদন করতে হবে। সেই লক্ষ্যে রাজস্ব বাজেটের ক্রয় পরিকল্পনা এবং প্রকল্পের ক্রয় পরিকল্পনা নির্ধারিত সময়ের মধ্যে প্রণয়নপূর্বক তা অনুমোদনের পর যথানিয়মে খুলনা ওয়াসার পোর্টালে আপলোড করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | নির্বাহী প্রকৌশলী, সহঃ প্রকৌশলী ও সহঃ প্রোগ্রামার |
| প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | সভাপতি সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, খুলনা ওয়াসায় বাস্তবায়নাধীন "খুলনা পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন" প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভা ও প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা নিয়মানুযায়ী যথাসময়ে সম্পন্ন করতে হবে। এ লক্ষ্যে প্রকল্পের প্রকল্প পরিচালক-কে সভায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্প পরিচালক, খুলনা পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | সভাপতি সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, খুলনা ওয়াসায় বাস্তবায়নাধীন "খুলনা পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন" প্রকল্প বাস্তবায়নের জন্য যথাসময়ে প্রকল্পের অর্থ ছাড় করতে হবে এবং প্রকল্পের কাজের দরপত্র মূল্যায়নপূর্বক কার্যাদেশ প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকল্প পরিচালক, খুলনা পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প |
| দপ্তরের সেবামূল্য/ফিস গ্রহণের ক্ষেত্রে গৃহীত অর্থের রশিদ প্রদান নিশ্চিতকরণ | আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নে শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে খুলনা ওয়াসার হিসাব শাখায় যে কোন জমা গ্রহণ কার্যক্রমে প্রয়োজনীয় রশিদের মাধ্যমে কাজ সম্পন্ন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সভাপতি উল্লেখ করেন যে, আর্থিক লেন-দেনে দপ্তরের সেবামূল্য/ফিস গ্রহণের ক্ষেত্রে গৃহীত অর্থের রশিদ প্রদান নিশ্চিত করতে হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা |
| বকেয়া বিদ্যুৎ, পানি, টেলিফোন, ইন্টারনেট ও জ্বালানীর বিল প্রদান | সরকারি সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে খুলনা ওয়াসার প্রধান কার্যালয়, আঞ্চলিক অফিসসমূহ, ট্রিটমেন্ট প্ল্যান্ট, ইনটেক পাম্পিং স্টেশন এবং পাম্প হাউজসমূহের বকেয়া বিদ্যুৎ, পানি, টেলিফোন, ইন্টারনেট ও জ্বালানীর বিল যথাসময়ে প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। অনলাইন হতে বিভিন্ন পরিষেবার খুলনা ওয়াসার বিল ডাউনলোডে কোন ধরনের জটিলতা দেখা দিলে তৎক্ষণাৎ আইসিটি শাখায় অবহিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ সহঃপ্রকৌশলী (বিদ্যুৎ) |
| বিদ্যুৎ, পানি, টেলিফোন এর | সভাপতি উল্লেখ করেন যে, প্রাতিষ্ঠানিক ব্যয় কমানোর | সংশ্লিষ্ট সকল |

| | | |
|---|---|---|
| সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার | লক্ষ্যে খুলনা ওয়াসার প্রধান কার্যালয়, আঞ্চলিক অফিসসমূহ, ট্রিটমেন্ট প্ল্যান্ট, ইনটেক পাম্পিং স্টেশন এবং পাম্প হাউজসমূহের বিদ্যুৎ, পানি, টেলিফোন এর সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে। অফিস কক্ষ পরিত্যাগের সময় অফিস কক্ষের লাইট, ফ্যান, এসি ইত্যাদি বন্ধ করা এবং দাপ্তরিক টেলিফোনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | কর্মকর্তা/কর্মচারি |
| শতভাগ মিটার স্থাপনের মাধ্যমে পানির অপচয় রোধ | সভাপতি সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, নন-রেভিনিউ ওয়াটার (NRW) হ্রাস করার লক্ষ্যে খুলনা ওয়াসায় শতভাগ মিটার স্থাপনের মাধ্যমে সংযোগ প্রদান নিশ্চিত করতে হবে। একই সাথে পূর্বের (খুলনা ওয়াসা সৃষ্টির পূর্বে) যে সকল সংযোগে এখনও মিটার স্থাপন করা হয় নাই ঐ সকল সংযোগে দ্রুত মিটার স্থাপন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | আঞ্চলিক কর্মকর্তাবৃন্দ |
| Smart Meter Reading Apps এর মাধ্যমে সঠিক মিটার রিডিং সংগ্রহ | গ্রাহক ভোগান্তি নিরসনে খুলনা ওয়াসার সেবার মান উন্নয়নের লক্ষ্যে ইতোমধ্যেই নিজস্ব স্মার্ট মিটার রিডিং সিস্টেম চালু করা হয়েছে। নির্ধারিত বিলিং সাইকেলের মধ্যে সকল গ্রাহকের মিটার পরিদর্শনপূর্বক মিটারের ছবি নতুন সিস্টেমে আপলোড করতে হবে এবং একই সাথে মিটার পরিদর্শনের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা দেখা দিলে তা তৎক্ষণাৎ সংশ্লিষ্ট কর্মকর্তাদের অবহিত করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | রাজস্ব শাখার সকল কর্মকর্তা, সহঃ প্রোগ্রামার |

পরিশেষে, উপস্থিত সকলকে অংশগ্রহন করার জন্য ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্থতা কামনা করে সভাপতি সভার কাযক্রম সমাপ্তি ঘোষনা করেন।

ব্যবস্থাপনা পরিচালক
খুলনা ওয়াসা, খুলনা।

অনুলিপি :

১। ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা, খুলনা।
২। উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন) খুলনা ওয়াসা, খুলনা।
৩। উপব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল) খুলনা ওয়াসা, খুলনা।
৪। প্রকল্প পরিচালক, খুলনা পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প।
৫। নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, খুলনা ওয়াসা।
৬। আঞ্চলিক কর্মকর্তা (ক,খ,গ,ঘ), খুলনা ওয়াসা, খুলনা।